আলমডাঙ্গায় অনগ্রসর শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যাগে ২০জন শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি ও ২ জন শিক্ষার্থীর মাঝে সাইকেল বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে উপজেলা পরিষদ প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রধানমন্ত্রীর কার্য্যালয় হতে অনগ্রসর জনগোষ্ঠীর উন্নয়নে বরাদ্দ প্রাপ্ত ২০ জন শিক্ষার্থীর মাঝে এ শিক্ষাবৃত্তি বাইসাইকেল বিতরণ করা হয়।

বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড, কিসিঞ্জার চাকমা।

উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান কে, এম মঞ্জিলুর রহমান,সহকারী কমিশনার ভূমি দেবাশীষ বোস,উপজেলা ভাইস চেয়ারম্যান মাসুম বিল্লাহ্, একাডেমিক সুপার ভাইজার ইমরুল হক,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক,প্রকল্প কর্মকর্তা এনামুল হক, শিক্ষক গৌতম কুমার,আহসাস কবির বকুলসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকগণ। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজা।

উল্লেখ, প্রাথমিক পর্যায়ে ১০জন,মাধ্যমিক পর্যায়ে ৫ জন, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৩ জন ও দুই শিক্ষার্থীকে বাই সাইকেল প্রদান করা হয়।

পরে চুয়াডাঙ্গা জেলা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা আলমডাঙ্গা পৌরসভা, উপজেলা ভূমি অফিস পরিদর্শন করে।

হরিণাকুন্ডে হতদরিদ্র মেধাবী শিক্ষার্থীর হাতে শিক্ষা বৃত্তি প্রদান

ঝিনাইদহে হরিণাকুন্ডে “শিশুনিলয় ফাউন্ডেশন” এর আয়োজনে এক হাতদরীদ্র মেধাবী শিক্ষার্থীর হাতে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে।

বুধবার উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে এই বৃত্তি প্রদান করা হয়। বৃত্তি প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম টিপু মল্লিক। এসময় হরিণাকুন্ড সরকারী লালনশাহ্ কলেজের এইচএস,সি (মানবিক) শাখার দ্বিতিয় বর্ষের ছাত্রী সম্পা রাণীর হাতে ১২ হাজার টাকার চেক তুলে দেন।

বিশেষ অতিথি হিসেবে উপজেলা পরিষদের নব-নির্বাচিত ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলান ইশা, শিশুনিলয় ফাউন্ডেশন হরিণাকুন্ডু শাখা’র ব্যবস্থাপক মোঃ আজীম উদ্দীন, ক্রেডিট অফিসার আব্দুল আওয়াল। সুবিধাভোগী হাতদরীদ্র মেধাবী শিক্ষার্থী সম্পা রাণী হরিনাকুণ্ডু সরকারী বালিকা বিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে এসএসসি পাশ করেন।

সম্পা রাণী পৌরসভার চিথলীয়া পাড়ার সুকুমার বিশ্বাস ও সীমা বিশ্বাসের কন্যা। শিশু নিলয় ফাউন্ডেশনের শাখা ব্যবস্থাপক মোঃ আজীম উদ্দীন জানান প্রতি বছর প্রতিষ্ঠানটি এরকম দরীদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা বৃত্তি প্রদান করে থাকে।

কুষ্টিয়ায় বেগম হামিদা সিদ্দিক স্কুল অ্যান্ড কলেজে মেধাবী

শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান

কুষ্টিয়া সদর উপজেলার বড়ীয়ায় বেগম হামিদা সিদ্দিক স্কুল অ্যান্ড কলেজে এসএসসি ২০২৪ এর কৃতি ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে দি নার্গিস এন্ড মান্নান মেরিট স্কলারশিপ এর উদ্যোগে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৩ মে) সকাল ১১টায় কলেজ অডিটোরিয়ামে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন সিদ্দিক ফাউন্ডেশনের দাতা সদস্য ডা: আবু তালেব সিদ্দিক।

কলেজ পরিচালনা পরিষদের প্রতিষ্ঠাতা সদস্য ও সিদ্দিক ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জামিল আহমেদ সিদ্দিকের সভাপতিত্বে এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিদ্দিক ফাউন্ডেশনের দাতা সদস্য জাকিয়া সিদ্দিক, সিদ্দিক ফাউন্ডেশনের উপদেষ্ঠা ও জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির সাবেক মহাপরিচালক ড. আখতারুজ্জামন, কলেজের অধ্যক্ষ শরিফুল ইসলাম, কুষ্টিয়া সরকারি কলেজের ইসলামি ইতিহাস ও সংস্কৃতি বিভাগের বিভাগীয় প্রধান ড. নবীনূর রহমান খান, বেগম হামিদা সিদ্দিক স্কুল অ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক রোকেয়া খাতুন, স্কুল শাখার সিনিয়র শিক্ষক নজরুল ইসলাম, কলেজ শাখার সিনিয়র লেকচারার ডিএম সামিউল হক খান পাঠান।

বক্তারা বলেন, মেধাবী শিক্ষার্থীদের দিকে বিশেষভাবে নজর দিতে হবে আমাদের। মাদকের করাল গ্রাস থেকে আমাদের ছেলেমেয়েরা যেন নষ্ট না হয়ে যায়, তা আমাদের সবাইকে লক্ষ্য রাখতে হবে। কারণ মাদক সমাজের বিভিন্ন স্তরে ছড়িয়ে পড়ছে। এটাকে প্রতিহত করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষা, ক্রীড়া বিনোদনের কোনো বিকল্প নেই। তাই আমাদের ছেলে মেয়েদের সুশিক্ষিত করতে হবে। তাহলেই এগিয়ে যাবে বাংলাদেশ।

বক্তারা আরও বলেন, সিদ্দিক ফাউন্ডেশন না হলে এই জনপদে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠতো না। এখান থেকে শিক্ষা বঞ্চিত হতে হতো অনেককে। সিদ্দিক ফাউন্ডেশনের দাতা সদস্যরা আমেরিকা থেকেও দেখভাল করছে। এখানে বিএম এবং জেনারেল কলেজ রয়েছে এসএসসি পাশ করে এখানেই ভর্তি হয়ে পড়ালেখা করবে শিক্ষার্থীরা। লেখাপড়া শিখে মানুষের মত মানুষ হয়ে উঠতে শিক্ষার্থীদের বিকল্প নেই বলেও জানান তারা।

বক্তারা মেধাবী শিক্ষার্থীদের এ জনপদের শ্রেষ্ঠ সন্তান কামরুল ইসলাম সিদ্দিক এর পদাংক অনুসরণ করে এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

আলোচনা সভা শেষে নার্গিস অ্যান্ড মান্নান মেরিট স্কলারশিপের উদ্যোগে ১০ জন জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী শিক্ষার্থীদের হাতে সম্মাননা স্মারক ক্রেস্ট ও শিক্ষা বৃত্তির অর্থ তুলে দেওয়া হয়। এবং অর্থনৈতিকভাবে দুর্বল কিন্তু ভালো ফলাফল করেছে সপ্তম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ১৮ জন শিক্ষার্থীর হাতেও শিক্ষা বৃত্তির নগদ অর্থ তুলে দেওয়া হয়।

উল্লেখ্য, স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের (এলজিইডি) প্রতিষ্ঠাতা ও প্রধান প্রকৌশলী মরহুম কামরুল ইসলাম সিদ্দিক প্রান্তিক জনগোষ্ঠীকে শিক্ষিত করে গড়ে তুলতে ১৯৯৫ সালে বড়ীয়ায় মায়ের নামে এই স্কুল অ্যান্ড কলেজ প্রতিষ্ঠা করেছিলেন।

মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের শিক্ষাবৃত্তি প্রদান

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন কর্তৃক শিক্ষিত সমাজ বিনির্মাণে অবদান রাখতে প্রতিবছরের ন্যায় এবারও উপজেলার গরিব মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

শিক্ষাবৃত্তির প্রদান উপলক্ষে গতকাল শনিবার সকালে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের আয়োজনে তাদের নিজস্ব অফিস হল রুমে এই শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ